

নেটওয়ার্ক প্রফেশনালদের সহায়ক দুটি টুল

মোহাম্মদ ইশতিয়াক জাহান

একধিক কমপিউটারের মাঝে তথ্য বিনিময়ের জন্য এক কমপিউটারের সাথে অন্য কমপিউটারকে নেটওয়ার্কের মাধ্যমে যুক্ত করতে হয়। আবার বড় বড় কোম্পানিতে একাধিক কমপিউটারকে মেইনটেনেন্সের জন্য নেটওয়ার্কের সাথে যুক্ত করা হয়ে থাকে। ফলে নেটওয়ার্কের সাথে জড়িত নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেটর বা নেটওয়ার্ক প্রফেশনালকে নেটওয়ার্কের সাথে সম্পর্কযুক্ত কমপিউটারে কাজ করার প্রয়োজন হয়। সেক্ষেত্রে কাজের সুবিধার্থে নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রা বিভিন্ন ধরনের হার্ডওয়্যার টুল ব্যবহার করে থাকেন। নেটওয়ার্কের জন্য ব্যবহার হয় এমন হার্ডওয়্যার টুলের সংখ্যা কম নয়, তবে ক্ষেত্রবিশেষে নেটওয়ার্ক প্রফেশনালেরা সুবিধা অনুযায়ী এসব নেটওয়ার্কিং টুল ব্যবহার করে থাকেন। এবারের সংখ্যায় নেটওয়ার্ক প্রফেশনালদের কাজে আসতে পারে এমন দুটি নেটওয়ার্ক টুল সম্পর্কে আলোচনা করা হয়েছে।

০১. ওয়্যারশার্ক : ওয়্যারশার্ক

(WireShark)

WIRESHARK

হচ্ছে একধরনের

নেটওয়ার্কিং টুল। এটি প্রটোকল আনালাইজার, যা আপনার নেটওয়ার্কের কমপিউটারের ট্র্যাফিকসমূহ ক্যাপচার করে দেখাবে।

ওয়্যারশার্কের ফিচারসমূহ : ০১. ১০০-র বেশি প্রটোকলকে পঞ্জীকরণে পরিদর্শন করে থাকে। ০২. লাইভ ক্যাপচার ও অফলাইন আনালাইসিস। ০৩. স্ট্যান্ডার্ড তিন প্যানেলের প্যাকেট ব্রাউজার। ০৪. মাল্টি প্যাটার্ন, যেমন :

ইউইজেক, লিনাক্স, সোলারিস, ফ্রি-বিএসডিসহ বেশ কিছু অপারেটিং সিস্টেম সাপোর্ট করে। ০৫. নেটওয়ার্কের ডাটাসমূহকে ক্যাপচার করতে পারে। ০৬. বিভিন্ন ধরনের ক্যাপচার ফাইল ফরম্যাটে সাপোর্ট করে, যেমন : tcpdump (libpcap), Pcap NG, Catapult DCT2000, Cisco Secure IDS iplog, Microsoft Network Monitorসহ আরও বেশ কিছু। ০৭. নেটওয়ার্ক আপটাইম, লাইভ ডাটা, পিপিআইসহ দানা ধরনের তথ্য এই ওয়্যারশার্ক টুল দিয়ে একজন নেটওয়ার্ক প্রফেশনালকে সাহায্য করতে পারে।

ডাউনলোড : এই টুল ডাউনলোড করার জন্য ভিজিট করুন : <http://www.wireshark.org> এবং সাইজের দিক থেকে এই টুল হচ্ছে মাত্র ১৮ মেগাবাইটের মতো। এখানে অপারেটিং সিস্টেমের ওপর নির্ভর করে কয়েক ধরনের ফাইল রয়েছে। অপারেটিং সিস্টেমের সাথে কাজ করতে সফম ডার্নলি ডাউনলোড করুন। এই টুলটি সম্পর্কে আরও বিস্তারিত জানার জন্য ভিজিট করুন : <http://www.wireshark.org/docs/>

০২. হাইনা : সাধারণত ইউইজেকের কিউ-ইন অ্যাডমিনিস্ট্রেশন টুল দিয়ে মধ্যম থেকে বড় ধরনের নেটওয়ার্কের কমপিউটারসমূহ বা অ্যাগ্জিভ ডিরেক্টরিসমূহকে একজন নেটওয়ার্ক এনালিস্ট বা প্রফেশনাল ম্যানেজ করে থাকে। মাল্টিপল ডোমেইন, কয়েক হাজার সার্ভার, ওয়্যার্কস্টেশন এবং ইউজারসমূহকে ম্যানেজ করা একটু ব্যয়বহুল হয়। এই ধরনের কাজের সুবিধা দেয়ার জন্য হাইনা (Hyena) টুলটি ডিজাইন করা হয়েছে, যা একসাথে সহজ ও সাবলীলভাবে

কাজ করতে সক্ষম হবে এবং একটিমাত্র ব্রোউজারের মাধ্যমে এ ধরনের সমাধান নিতে সক্ষম হবে। হাইনার প্রস্তুতকারকদের স্বাভাবিকত, বর্তমানে ১০ হাজারের বেশি সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর এই টুলটি ব্যবহার করেছে।

হাইনার ফিচারসমূহ : হাইনা সব অপারেটিং সিস্টেমের জন্য এক্সপ্লোরার ধরনের ইন্টারফেস ব্যবহার করে তৈরি করা হয়েছে। এই টুলে মাউসে ডান ক্লিক করার পর পপআপ কনটেক্সট মেনুতে বিভিন্ন ধরনের অপারেশন (যেমন) বিভিন্ন ধরনের লিস্ট



দেখাবে। আপনার পছন্দ অনুযায়ী লিস্ট থেকে অবজেক্ট ব্যবহার করে কাজ সম্পন্ন করতে পারবেন। এই টুলের সাথে ফেলব কাজ ম্যানেজ করতে পারবেন তা হচ্ছে-ইউজার ম্যানেজমেন্ট, গ্রুপ (শেয়ার ও পো-বল) ম্যানেজমেন্ট, শেয়ার, ডোমেইন, কমপিউটার, সার্ভিস, ডিভাইস, ইউজেন্স, ফাইল, প্রিন্টার ও প্রিন্ট জব, সেশন, ফাইল ওপেন, ডিসকম্পেন্স, ইউজার রাইটস, এক্সপোর্টিং, জন সিডিউলিংসহ আরও বিভিন্ন ধরনের কাজ ম্যানেজ করতে পারবেন। হাইনা টুলটি যাতে স্ট্যান্ডার্ড ইউইজেক সিস্টেম ম্যানেজমেন্ট ফাংশনকে সাপোর্ট নিতে পারে, তাই একে অ্যাগ্জিভ ডিরেক্টরির চেয়ে ব্যাপকভাবে ইন্টিগ্রেশন করা হয়েছে। এই টুলটি ইউইজেক এন্টি, ২০০০, এক্সপি/ভিস্টা বা ইউইজেক সার্ভার ২০০৩/২০০৮-এ কাজ করতে সক্ষম হবে।

ডাউনলোড : হাইনা টুলটি ডাউনলোড করার জন্য ভিজিট করুন : <http://www.systemtools.com> এবং সাইজের দিক থেকে টুলটি মাত্র ৮.৫ মেগাবাইটের মতো। এই টুল সম্পর্কে আরও বিস্তারিত জানার জন্য ভিজিট করুন : www.systemtools.com/hyena/

এ ধরনের আরও অনেক নেটওয়ার্ক ও ইন্টারনেটের জন্য টুল রয়েছে। এই ধরনের টুল সম্পর্কে আরও জানার জন্য বা টুল ডাউনলোড করার জন্য ওপরে সার্চ দিয়ে সহজেই এদের সম্পর্কে তথ্য জানতে পারবেন।

ফিডব্যাক : ronp446@yahoo.com